বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
জেনারেল ক্রেডিট বিভাগ।
www.krishibank.org.bd

নং- বিকেবি-প্রকা/জেঃক্রেবি/১/৩(১৭)/২০২৩-২০২৪/ ২৬৬২ (২২৫০) তারিখঃ ২৯/০৪/২০২৪ খ্রি.

বিষয়ঃ এসিডি সার্কুলার নং-০৭, তারিখ ১৭ নভেম্বর, ২০২২ এর আওতায় দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।

সূত্র নং- বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা এর ক্রেডিট বিভাগের সূত্র নং-১২৭৫, ১৮১৮, ২২৭২, ২৮৯৬, ৪৬৬, ১৪৪৩,১৫৯১ তারিখঃ ২৩/১১/২০২২, ২৫/০১/২০২৩, ২৩/০৩/২০২৩, ০৭/০৬/২০২৩, ২৭/০৮/২০২৩, ০৮/০২/২০২৪, ০১/০৪/২০২৪ খ্রিঃ

শিরোনামে বর্ণিত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০৭, তারিখ ১৭ নভেম্বর,২০২২ এর আওতায় ঋণ বিতরণ এর লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক করণীয় সম্পর্কিত দিক নির্দেশনা দিয়ে মাঠ পর্যায়ে পত্র জারী করা হয়েছে। বর্ণিত সার্কুলারের আওতায় ৩০ জুন, ২০২৪ তারিখ মেয়াদে ঋণ বিতরণের কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে নির্ধারিত সময়ের অর্থাৎ ২০২৩-২০২৪ অর্থবছরের ১০ (দশ) মাস অতিক্রান্ত হলেও ঋণ বিতরণের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ২৮/০৪/২০২৪ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী বর্ণিত স্কিমের আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগীয় কার্যালয়ের নাম | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের শতকরা হার (%) |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ৩৬০.০০ | ২৭১.৪৬ | ৭৫.৪১% |
| ২ | ময়মনসিংহ | ৩৫০.০০ | ২৮০.৯২ | ৮০.২৬% |
| ৩ | চট্টগ্রাম | ১২৫.০০ | ১০০.৯৭ | ৮০.৭৮% |
| ৪ | খুলনা | ৩৬০.০০ | ৩০৮.৫৬ | ৮৫.৭১% |
| ৫ | বরিশাল | ১৭৫.০০ | ১০৭.৮৭ | ৬১.৬৪% |
| ৬ | সিলেট | ৮৫.০০ | ৬৭.৯০ | ৭৯.৮৮% |
| ৭ | কুমিল্লা | ১৭০.০০ | ১২০.৭৮ | ৭১.০৫% |
| ৮ | ফরিদপুর | ১৪০.০০ | ১২৪.০৮ | ৮৮.৬৩% |
| ৯ | কুষ্টিয়া | ১৭০.০০ | ১৫৯.৬৮ | ৯৩.৯৩% |
| ১০ | এলপিও | ৩.০০ | - | ০% |
| মোটঃ | | ১৯৩৮.০০ | ১৫৪২.২২ | ৭৯.৫৮% |

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, ফরিদপুর, কুষ্টিয়া ব্যতীত কোন বিভাগই আলোচ্য স্কিমের আওতায় ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বর্ণিত সময়ে অর্থাৎ ২৮/০৪/২০২৪ তারিখ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত হয়েছে ৭৯.৫৮%। ঢাকা, কুমিল্লা ও বরিশাল বিভাগ লক্ষ্যমাত্রার গড় অর্জনের তুলনায় অনেক পিছিয়ে আছে। এছাড়া স্থানীয় মুখ্য কার্যালয়(এলপিও) কর্তৃক উক্ত স্কিমের আওতায় কোন ঋণ বিতরণ করা হয়নি। **ইতোপূর্বে বারংবার তাগিদ দেওয়া সত্ত্বেও বর্ণিত স্কিমের আওতায় লক্ষ্যমাত্রার কাঙ্খিত অর্জন না হওয়ায় ব্যাংক ব্যবস্থাপনা হতে অসন্তোষ প্রকাশ করা হয়েছে।**

০৩। সরকার ও বাংলাদেশ ব্যাংকের নিকট অত্র ব্যাংকের ভাবমূর্তি বজায় রাখাসহ বর্ণিত স্কিমের আওতায় ঋণ বিতরণের জন্য প্রদত্ত ১৯৩৮.০০ (এক হাজার নয়শত আটত্রিশ) কোটি টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনে ইতোপূর্বে যেসকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা অনুসরণপূর্বক নির্ধারিত **ধান/ মৎস্য চাষ/পোল্ট্রি/দুগ্ধ উৎপাদন/ গরু মোটতাজাকরণ/শাক-সবজি/ফুল ও ফল উৎপাদন এই ০৭ (সাত) টি** খাতে ঋণ বিতরণের যথাযথ পদক্ষেপ গ্রহণ করার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে ঋণ বিতরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। **আলোচ্য পুন:অর্থায়ন স্কিমের আওতায় প্রাণিসম্পদ খাতে একজন গ্রাহকের অনুকূলে সর্বোচ্চ ২০ (বিশ) লক্ষ টাকা ঋণ বিতরণ করা যাবে।**

চলমান পাতা-০২

বিষয়ঃ এসিডি সার্কুলার নং-০৭, তারিখ ১৭ নভেম্বর, ২০২২ এর আওতায় দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার ও পত্রসমূহ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ৩০ জুন, ২০২৪ তারিখের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য শাখা ও অঞ্চল কে যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং দৈনিক ভিত্তিতে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন তদারকি জোরদার ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় কার্যালয়সমূহকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৯.০৪.২০২৪

(আবু সাঈদ মোঃ রওশানুল হক)
মহাব্যবস্থাপক
ফোনঃ ০২৪৭৭১১৫৩৪৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/জেঃক্রেঃবিঃ/০১/৩(১৭)/২০২৩-২৪/ ২৬৬২(১১৫০) তারিখঃ ২৯/০৪/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২৯/০৪/২০২৪

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১